# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 JULY 2026** **7:45—7:55 PM**

---

(১) দুই কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান এবং কিরেণ রিজিজু'র ধেমাজির বন্যা পরিস্থিতি পরিদর্শন/

(২) জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে উপ-রাষ্ট্রপতি ও কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর চিকিৎসকদের শুভেচ্ছা জ্ঞাপন/ আসাম সহ সমগ্র বরাক উপত্যকার বিভিন্ন স্থানে এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচি/

(৩) শ্রীভূমি সহ রাজ্যের ছ'টি জেলার আজ ৪৪তম প্রতিষ্ঠা দিবস/ মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা/

(৪) দুবছর পূর্বে প্রবর্তন করা তিনটি আইনের রূপায়ণের ক্ষেত্রে দেশের মধ্যে আসাম তৃতীয় স্থানে/

এবং

(৫) রাজ্যজুড়ে অবৈধ স'মিলের বিরুদ্ধে চালানো অভিযানের অঙ্গ হিসেবে আজ হাইলাকান্দি বন বিভাগের বেশকয়েকটি স'মিলে ব্যবহৃত কাঠ কাটার মেশিন বাজেয়াপ্ত/

----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান ও কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু আজ অরুনাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডুর সঙ্গে রাজ্যের বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহ আকাশপথে পরিদর্শন করেন । তারা প্রথমে পূর্ব সিয়াং জেলার বেশী ক্ষতিগ্রস্ত পাসিঘাট অঞ্চল পরিদর্শন করেন । এরপর বোয়িং গ্রামের বন্যা পরিস্থিতির খোঁজ নেন । আকস্মিক বন্যা ও ভূমিধ্বসের ফলে এই গ্রামের ২০ টিরও অধিক বাসগৃহ ভেসে যাওয়া সহ বহু পরিমাণ শস্য ও পশুধনের ক্ষতি হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান বন্যায় গৃহহীন গ্রামবাসীদের সঙ্গে মত বিনিময় করেন

। তিনি এই লোকেদের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আর্থিক ও পরিকাঠামোমূলক সহায়তা প্রদানের প্রতিশ্রুতি দেওয়া সহ রাজ্য প্রশাসনের সহযোগীতায় উদ্ধার অভিযান শীঘ্র সম্পন্ন করার আশ্বাস দেন ।
অরুণাচল প্রদেশের বন্যা পরিস্থিতির পর্যালোচনার পর দুজন কেন্দ্রীয় মন্ত্রী গৌহাটী এসেছেন । তারা আজ সন্ধ্যায় গৌহাটীতে আয়োজিত এক বৈঠকে প্রবীণ আধিকারিকদের সঙ্গে বন্যা ব্যবস্থাপনা ,সাহায্য বন্টন সহ বিভিন্ন দিক পর্যালোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------------

জাতীয় চিকিৎসক দিবস । সমগ্র দেশে এই দিবস উপলক্ষ্যে নানা কার্যসূচীর আয়োজন করা হয় । উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এই দিবস উপলক্ষ্যে দেশের সব চিকিৎসকদের শুভেচ্ছা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রীরাধাকৃষ্ণন মানবতার সেবার ক্ষেত্রে চিকিৎসকদের নিষ্ঠা , সহমর্মিতা ,দক্ষতা ও সমর্পণের বিষয়ে উল্লেখ করেন । তিনি বলেন যে বিগত বছরগুলিতে দেশ স্বাস্থ্য সেবা খন্ডে গুরুত্বপূর্ণ অগ্রগতি লাভ করেছে । উপ-রাষ্ট্রপতি বিশ্বের সর্ববৃহৎ কোভিড-১৯ প্রতিষেধক প্রদান অভিযান ,আয়ুষ্মান ভারত পদক্ষেপের মাধ্যমে সুলভ স্বাস্থ্য সেবার সুবিধা ,স্বাস্থ্যসেবা পরিকাঠামো শক্তিশালী করা ও উন্নত স্বাস্থ্য সেবার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মাইল ফলক হিসেবে ডিজিটেল স্বাস্থ্য সেবার উন্নয়নে আলোকপাত করেন । জরুরী সময়ে রোগীর জীবনকে সুরক্ষা প্রদান থেকে আরম্ভ করে উদ্ভাবন ও গবেষণার মাধ্যমে চিকিৎসা বিজ্ঞানের অগ্রগতি পর্যন্ত চিকিৎসকদের নিরন্তর সেবা কর্তব্য , ত্যাগ ও সহমর্মিতার উচ্চ নিদর্শন তুলে ধরেছে শ্রী রাধাকৃষ্ণণ উল্লেখ করেন ।
কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা চিকিৎসক দিবস উপলক্ষ্যে তাঁদের অটল নিষ্ঠার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন । এক ভি ডি ও বার্তায় কেন্দ্রীয় মন্ত্রী চিকিৎসকদের পেশাদারিত্ব ও মানবতার প্রতি সহমর্মিতার সেবার বিষয়ে উল্লেখ করেন । চিকিৎসক দিবস উপলক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন স্থানেও নানা কার্যসূচীর আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় চিকিৎসক সংস্থার কাছাড় জেলা শাখার উদ্যোগে আজ শিলচরে একটি শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । শোভাযাত্রায় কাছাড় জেলার বিভিন্ন প্রান্তের চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীরা অংশগ্রহন করেন । জনস্বাস্থ্যের প্রতি নিজেদের দায়বদ্ধতার পুনরাবৃত্তি করার পাশাপাশি স্বাস্থ্য সেবার সাথে জড়িত চিকিৎসকরা মানসিক এবং শারিরীক সুস্থতা নিশ্চিত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ডিজিট্যাল ভারত পদক্ষেপের মাধ্যমে সু-প্রশাসন, নাগরিকদের সশক্তিকরণ এবং সামগ্রিক উন্নয়ন সম্ভব হয়েছে বলে মত প্রকাশ করেছেন । ডিজিট্যাল ভারত পদক্ষেপের এগারো বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে- ডিজিট্যাল ভারত সবার জীবনকে ছুঁয়ে গেছে । এরমধ্যে ডিজিট্যাল লেনদেন ব্যবস্থা সকলকে লাভবান করেছে । এবং লেনদেন প্রক্রিয়াতে স্বচ্ছতার বিষয়টি নিশ্চিত করেছে । প্রধানমন্ত্রী মোদী বলেন যে- প্রযুক্তি জীবন-যাপনের প্রক্রিয়াকে সহজতর করে তুলেছে ।

প্রধানমন্ত্রী ডিজিট্যাল ভারতের মাধ্যমে দেশের সর্বত্র, বিশেষ করে গ্রামগুলিতে এবং দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের শহরগুলিতে উদ্ভাবনের নতুন ঢেউ উঠেছে । তিনি বলেন- এর মাধ্যমে দেশের প্রত্যেক প্রান্ত থেকে বেরিয়ে আসা যুব উদ্যমী, স্টার্ট-আপ্‌স এবং উদ্ভাবকগণ আমাদের পৃথিবী যেসব প্রত্যাহ্বানের সম্মুখীন হচ্ছে, তার সমাধান সূত্র বের করতে সমর্থ হয়েছে । শ্রী মোদী বলেন যে- এই পদক্ষেপের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্যক্ষেত্র, কৃষি, বাণিজ্য এবং জনসেবা প্রক্রিয়া আরো শক্তিশালী হয়ে উঠেছে ।

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে- দেশ, প্রযুক্তির মাধ্যমে মানবতা, নাগরিকদের সবলীকরণ ও বহনক্ষম উন্নয়নের জন্যে কাজ করে আসছে । ডিজিট্যাল ভারতের মাধ্যমে বিগত এগারো বছরে দেশে ডিজিট্যাল গণ-পরিকাঠামো পরিবেশ তন্ত্র গড়ে তোলা হয়েছে ।

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ বলেছেন যে- সরকার দেশকে ডিজিট্যাল রাষ্ট্রে পর্যবসিত করেছে । ডিজিট্যাল সংযোগ, ডিজিট্যাল প্রশাসন এবং জনসেবা উন্নত করে ডিজিট্যাল ভারতের পদক্ষেপ প্রসারিত করেছে । ডিজিট্যাল ভারত পদক্ষেপের এগারো বছর সম্পূর্ণ হওয়া উপলক্ষে শ্রী শাহ্ বলেন যে- দেশ ইন্টারনেট সংযোগ, ডিজিট্যাল পরিকাঠামো এবং প্রযুক্তি নির্ভর প্রশাসনের সাক্ষী হয়েছে । সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি বলেন যে- ১০৩ কোটিরও বেশি লোক বর্তমানে ইন্টারনেট সেবার সঙ্গে সংযুক্ত হওয়ার পাশাপাশি দুই লক্ষেরও বেশি গ্রাম ভারত নেট'এর মাধ্যমে সংযুক্ত হয়েছে । শ্রী শাহ্ আরো বলেন যে- প্রত্যক্ষ লাভ হস্তান্তর প্রক্রিয়ার মাধ্যমে ৫১ লক্ষ কোটি টাকা হিতাধিকারীদের হস্তান্তর করা সম্ভব হয়েছে । ভারত বর্তমানে ডিজিট্যাল লেনদেনের ক্ষেত্রে বিশ্বের অন্যতম উল্লেখযোগ্য দেশে পরিগণিত হয়েছে বলে তিনি মন্তব্য করেছেন ।

---

সমগ্র দেশে আজ থেকে বিকশিত ভারত গ্রামীণ নিয়োগ নিশ্চয়তা ও জীবিকা অভিযান অর্থাৎ ভি বি জি রামজী আইন কার্যকর হয়েছে । কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রণালয় সূত্রে জানানো হয়েছে যে- এই আইনের আওতায় প্রত্যেক বছরে ১২৫ দিনের কর্মসংস্থানের নিশ্চিতি প্রদান করা হবে । এরদ্বারা গ্রামীণ ভারতকে শক্তিশালী করার পথ প্রশস্ত হবে বলে মন্ত্রণালয় জানিয়েছে । এই ব্যবস্থা কার্যকরী করার জন্য চলতি অর্থবছরে ৯৫ হাজার ৬৯২ কোটি টাকা ধার্য করা হয়েছে । এই সম্পর্কে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে- নতুন ব্যবস্থার আওতায় গ্রামাঞ্চলের কোনো কর্মীকে একদিনের জন্যেও কর্মহীন হয়ে থাকতে হবে না । কেন্দ্রীয় সরকার রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সহযোগিতায় এই পদক্ষেপ কার্যকর করার জন্য সকল প্রশাসনিক, আর্থিক ও কারগরি প্রস্তুতি সম্পূর্ণ করেছে বলেও তিনি জানান । উল্লেখ্য- ভি বি জি রামজী আইন-২০০৫ সালের মহাত্মা গান্ধী গ্রামীণ নিয়োগ নিশ্চিতকরণ আইনের স্থলে গ্রামাঞ্চলে নিয়োগ সৃষ্টির জন্য কার্যকরী করা হয়েছে।

-----------------------------------------------------------------------------------

আজ বর্তমান শ্রীভূমি, পূর্বের করিমগঞ্জ সহ যোরহাট, গোয়ালপাড়া, ধুবড়ী, কোকরাঝাড় ও বড়পেটা জেলার ৪৪তম প্রতিষ্ঠা দিবস । এই জেলা দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সংশ্লিষ্ট জেলাবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । উল্লেখা- করিমগঞ্জ জেলা ২০২৪ সালের ১৯শে নভেম্বর শ্রীভূমি জেলা হিসেবে নামকরণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

দুবছর পূর্বে প্রবর্তন করা ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য আইন রূপায়ণের ক্ষেত্রে দেশের সেরা প্রদর্শনকারী রাজ্যসমূহের মধ্যে আসাম অন্যতম রূপে পরিগণিত হয়েছে । এই ক্ষেত্রে হরিয়ানা প্রথম, গোয়া দ্বিতীয় এবং আসাম তৃতীয় স্থানে রয়েছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানানো হয়েছে যে- প্রশাসনিক সংস্কার, অভিযান দক্ষতা, তথ্য যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ও ডিজিট্যাল ব্যবস্থার সমন্বয়ের ভিত্তিতে রাজ্যগুলির বাছাই তালিকা প্রকাশ করা হয়েছে । মন্ত্রণালয় থেকে আরো জানানো হয়েছে যে- এই নতুন আইন তিনটির আওতায় দুবছরে ৭৪ লক্ষ ৬৬ হাজার মামলা দায়ের করা হয়েছে এবং যৌন অপরাধের মামলার ক্ষেত্রে অভিযোগনামা দাখিলের হার ৪৪ শতাংশ থেকে বেড়ে ৭৫ দশমিক ১-৬ শতাংশ হয়েছে । অনুরূপভাবে ৯০ দিনের সময়সীমার মধ্যে অভিযোগনামা দাখিলের হারও ৩৯ দশমিক ৫-৬ শতাংশ থেকে বেড়ে ৬০ দশমিক ৯-৬ শতাংশ হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

অবৈধ কাঠ ব্যাবসা ও অবৈধ সো মিলের বিরুদ্ধে রাজ্যজুড়ে চলা কঠোর অভিযানের অংশ হিসেবে আজ হাইলাকান্দি বন বিভাগের একটি দল কাটলীছড়া বাস স্ট্যান্ড এলাকা এবং মাটিজুরী ও লালাঘাট অঞ্চলে একসঙ্গে তল্লাশী অভিযান চালায় । রাজ্যের বন মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার নির্দেশে জেলার বিভিন্ন স্থানে অবৈধ সো মিলের বিরুদ্ধে ব্যাপক অভিযান চালাও হয় । এই ঘটনার সঙ্গে জড়িত ব্যাক্তিদের বিরুদ্ধে বন আইনের অধীনে মামলা রুজু করা হয়েছে এবং তদন্ত অব্যাহত রয়েছে ।

হাইলাকান্দি জেলার বন আধিকারিক অখিল দত্ত আমাদের হাইলাকান্দির সংবাদদাতাকে জানান ----বাইট---

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দিতে খাদ্য ও গণবন্টন ব্যবস্থাকে আরো স্বচ্ছ এবং জনমূখী করে তোলার লক্ষ্যে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি পর্য্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে । রাজ্যের খাদ্য , গনবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রাই-এর পৌরহিত্যে আয়োজিত বৈঠকে বরাক উপত্যকার লক্ষাধিক রেশন গ্রাহকের কাছে সরকারি পরিষেবা আরো কার্যকরভাবে পৌছে দেওয়া , গনবন্টন ব্যবস্থার বাস্তব চিত্রের মূল্যায়ন এবং পরিষেবার গুনগত মান উন্নয়নের লক্ষ্যে বিশদে আলোচনা করা হয়েছে । বৈঠকে তিন জেলার বিধায়করা সহ খাদ্য ও গনবন্টন বিভাগের আয়ুক্ত হেমন্ত ভূইয়া, অসম ফুড এন্ড সিভিল সাপ্লাইজ কর্পোরেশন লিমিটেডের ব্যবস্থাপনা সঞ্চালক দিগন্ত দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলার স্বাস্থ্য বিভাগের যক্ষা নিয়ন্ত্রন সমিতির উদ্যোগে এবং আসাম বিশ্ববিদ্যালয় অশিক্ষক কর্মচারী সংস্থা , ভ্যালী হাসপাতাল ও পালংঘাট ডুগুরুবস্তির শিবদূর্গা ক্লাবের ব্যবস্থাপনায় আজ উধারবন্দ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে আয়োজিত এক সভায় উধারবন্দ বিধানসভা কেন্দ্রের ১১১ জন যক্ষা রোগীকে আনুষ্ঠানিকভাবে ভিটামিন জাতীয় খাদ্য সামগ্রী প্রদান করা হয় । আজকের অনুষ্ঠানে উধারবন্দের বিধায়ক রাজদীপ গোয়ালা , স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , আসাম বিশ্ববিদ্যালয় অশিক্ষক কর্মচারী সংস্থার সভাপতি দেবাশীষ চক্রবর্তী ,শিবর্দূগা ক্লাবের পক্ষে লালন প্রসাদ গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

মণিয়ারখাল চা বাগানের বিশিষ্ট নাগরিক রাধ্যেশ্যাম রাজভর গতকাল শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিল ৯৩ । রাধ্যেশ্যাম রাজভরের মৃত্যুতে মণিয়ারখাল গ্রাম পঞ্চায়েত কার্যলয় সহ বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতায় আজ রাত সাড়ে ৯ টায় আটলান্টা ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় একটি খেলায় ইংলেন্ড ,কংগোর বিরুদ্ধে অবতীর্ণ হবে । অন্যদিকে রাত দেড়টায় সিয়াটল ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় অন্য আরেকটি খেলায় বেলজিয়াম সেনেগালের বিরুদ্ধে অবতীর্ণ হবে ।

আজ সকালে মেক্সিকো সিটি ষ্টেডিয়ামে অনুষ্ঠিত এক খেলায় মেক্সিকো ইকুয়েডরকে ২-০ গোলে পরাস্ত করে প্রি-কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে । দলটি আগামী রবিবার প্রি-কোয়ার্টার ফাইনালে ইংলেন্ড অথবা কংগোর বিরুদ্ধে অবতীর্ণ হবে ।

--------------------------------------------------------------------------------